

তারা

মুখে মুখে কত মিথ্যে রটনা,  
ছেয়ে গেল কত নিন্দে।  
কথা ঘুরে যায় রাজপথ, গলি,  
কথা সার সার অলিন্দে।

তবু, তারা যায় নীল বন ঘুরে  
দূরে দূরে কত দিগন্তে। ---  
সারাদিন, তারা সূর্য - দোসর,  
চাঁদ নিয়ে খেলে দিনান্তে।

শহরে শহরে কটু নাম ছোট,  
গ্রামে গ্রামে ঘোরে জল্পনা।  
তবু যুগলের সামনে কবিতা,  
বন্ধুর নাম কল্পনা।

প্রমোদবসু

